
প্রকাশনার ৭০ বছর
সংবাদ
বাংলাদেশের মুখপত্র







ইসলামী ব্যাংক
AAA
ইসলামী ব্যাংক

## কেরাণীগঞ্জের ৮ ইউপিতে ব্রডব্যান্ড

# সব ই-সেবা মানুষের দরজায় পৌঁছে যাবে : নসরুল হামিদ

### ৫ বিলিয়ন মার্কিন ডলার আয়ের লক্ষ্যমাত্রা: পলক

**নিউজ আপলোড : ঢাকা , শনিবার, ২৫ জুলাই ২০২০**

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

Share 17 Tweet





বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, দ্রুত গতির ইন্টারনেট সংযোগ বিদ্যমান ও আগত সব ই-সেবা মানুষের দ্বার গোড়ায় পৌঁছে দেবে। আজ শনিবার (২৫ জুলাই) অনলাইনে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে কেরাণীগঞ্জের আটটি ইউনিয়নে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদানের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী এসব কথা বলেন ।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহ্মেদ পলক ও ঢাকা-২ আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট মো. কামরুল ইসলাম। ঢাকা জেলার জেলা প্রশাসক মো. শহীদুল ইসলামের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে আইসিটি বিভাগের সিনিয়র সচিব এন এম জিয়াউল আলম, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী পরিচালক পার্থপ্রতিম দেব, কেরাণীগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান শাহীন আহমেদ অনলাইনে সংযুক্ত ছিলেন। পরে বিদ্যুৎ প্রতিমন্ত্রী আনুষ্ঠানিকভাবে ব্রডব্যান্ড ইন্টারনেট কানেক্টিভিটি উদ্বোধন করেন।

বাংলাদেশে অনলাইন সেবার বিস্তারে প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়ের এর অবদান স্মরণ করে বিদ্যুৎ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেন, তার পরামর্শ ও তত্ত্বাবধানেই বাংলাদেশ আজ ডিজিটাল বাংলাদেশে পরিণত হয়েছে। তিনি বলেন, ইন্টারনেট আজ বিশ্বকে একটি গ্রামে পরিণত করেছে। বাংলাদেশেও গ্রাম পর্যায়ে ইন্টারনেট পৌঁছে দেওয়ার উদ্যোগ প্রশংসনীয়।ইন্টারনেট ব্যবহার করে ব্যাংকিং সেবায় পেমেন্ট সিস্টেম সচল করার উদ্যোগ নেয়া হয়েছে ।ফলে সব অর্থনৈতিক কার্যক্রম ইন্টারনেটকেন্দ্রীক হবে। এর জন্য প্রয়োজন নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ। দেশের ৯৭ ভাগ মানুষ এখন বিদ্যুৎ পাচ্ছে মুজিববর্ষেই শতভাগ এলাকা বিদ্যুতায়নের আওতায় আসবে। তিনি বলেন, কেরাণীগঞ্জে হাইটেক পার্ক নির্মাণ অত্র এলাকার তরুণ-তরুণীদের আরও ডিজিটাইজড করে সম্মানজনক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে। কেরণীগঞ্জের বাকি চারটি ইউনিয়নেও দ্রুত ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদান করতে আইসিটি বিভাগের প্রতি অনুরোধ জানান তিনি।

৫ বিলিয়ন মার্কিন ডলার আয়ের লক্ষ্যমাত্রা: পলক

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহ্মেদ পলক বলেন, ইনফো-সরকার ( ৩য় পর্যায় ) প্রকল্পের মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে ব্রডব্যান্ড কানেক্টিভিটি প্রান্তিক এলাকায় ইন্টারনেট সেবা পৌঁছে দিচ্ছে ফলে ইউনিয়ন ডিজিটাল সেন্টার অর্থনৈতিক কার্যক্রমের অন্যতম হাবে পরিণিত হচ্ছে।পলক বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আইসিটি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়ের এর তত্ত্বাবধানে বিগত ১১ বছর দেশে ডিজিটাল অবকাঠামো গড়ে তোলার কারণে গত ৫ মাসে শিক্ষা, স্বাস্থ্য, বিনোদন এমনকি কোরবানির গরুর হাট পর্যন্ত ডিজিটাল প্লাটফর্মে চলে এসেছে।তাই এখন ডিজিটাল বাংলাদেশ বাস্তবে রূপান্তরিত হয়েছে ডিজিটাল বাংলাদেশের প্রযুক্তির কল্যাণে করোনা মহামারীকালীন ঝড় ও বন্যাকবলিত মানুষকে সেবা দেয়া সম্ভব হচ্ছে। তিনি বলেন, ২০২৫ সালের মধ্যে আইসিটি খাতে পাঁচ বিলিয়ন মার্কিন ডলার বৈদেশিক মুদ্রা আয় করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, যা অর্জনে নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সেবা নিশ্চিত করতে হবে।

উল্লেখ্য, ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের আওতায় প্রান্তিক গ্রামীণ জনপদে দ্রুতগতির ইন্টারনেট ব্রডব্যান্ড সংযোগ প্রদানের জন্য ২ হাজার ৬শ’ ইউনিয়নে পয়েন্ট অফ প্রেজেন্স (পিওপি) স্থাপন এবং ১৯ হাজার ৫শ’ কি.মি. অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপনের মাধ্যমে উচ্চগতির নেটওয়ার্ক অবকাঠামো স্থাপন করা হচ্ছে।আইসিটি বিভাগের পরিকল্পনা অনুযায়ি, ২০২১ সালে ব্রডব্যান্ড ইন্টারনেট গ্রাহক ২ দশমিক ২৫ শতাংশ থেকে ১২ শতাংশ এ উন্নীত হবে।ফলে জিডিপি ১ শতাংশ বৃদ্ধি পাবে।

## বাংলাদেশে মোবাইল টাওয়ার নকশা কেন্দ্র স্থাপনের ঘোষণা দিলো ইডটকো



টেলিযোগাযোগ শিল্পকে এগিয়ে নিতে নিজেদের প্রথম মোবাইল টাওয়ার

## বিজ্ঞান গবেষণায় নারী শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত

নিজস্ব বার্তা পরিবেশক



গত ২৫ জুলাই ছিলো ডিএনএ-র গঠন আবিস্কারের পথিকৃৎ রোজালিন্ড ফ্রাঙ্কলিনের ১০০তম জন্মদিন।তাঁর জন্মশতবার্ষিকী উদযাপন

## বিসিএস এর উদ্যোগে 'ক্লাউডের সাথে ক্রমবর্ধমান ব্যবসা' বিষয়ক প্রশিক্ষন কর্মসূচি অনুষ্ঠিত



বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস) সদস্যদের দক্ষতা বৃদ্ধিতে স্কিল ডেভেলপমেন্ট প্রোগ্রামের আওতায়




## কুরবানির পশুর সাথে অনলাইনে মিলছে কসাইসেবা



অনলাইনে কুরবানির পশুর সাথে এখন যুক্ত হয়েছে মাংস কাটা, গরু জবাই ও হোমডেলিভারী সেবা। ডিএনসিসি ও ই-ক্যাবের যৌথ উদ্যোগে...

## হুয়াওয়ে অয়েল অ্যান্ড গ্যাস ভার্চুয়াল সামিট ২০২০ অনুষ্ঠিত

নিজস্ব বার্তা পরিবেশক



সম্প্রতি, অনলাইনে হুয়াওয়ে অয়েল অ্যান্ড গ্যাস ভার্চুয়াল সামিট ২০২০ সফলভাবে শেষ হয়েছে। 'ডাটা টু ব্যারেল' প্রতিপাদ্যে অনুষ্ঠিত

## বঙ্গবন্ধু তথ্য প্রযুক্তি লীগের নতুন কমিটি গঠন

নিজস্ব বার্তা পরিবেশক



বাংলাদেশ বঙ্গবন্ধু তথ্য প্রযুক্তি লীগের নতুন কমিটি গঠন করা হয়েছে।বুধবার ২২ জুলাই দুপুরে ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) আয়োজিত এক সংবাদ সম্মেলনে হাজী আজহারুল ইসলামকে সভাপতি ও ইঞ্জি: নূর মোহাম্মদ হৃদয়কে সাধারণ সম্পাদক করে ২১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

## প্লাস্টিক ও লাইট ইঞ্জিনিয়ারিং খাতের উন্নয়নে বঙ্গবন্ধু হাই-টেক সিটিতে

## এরিনা এক্সিলেন্স ও ম্যাটরস ডট কমের আয়োজনে সফটওয়্যার

## ড্যাফোডিল ইন্টারন্যাশনাল উনিভার্সিটিতে রোবটিক প্রসেস

### আন্তর্জাতিক মানের টেকনোলজি সেন্টার


নিজস্ব বার্তা পরিবেশক



দেশের প্লাস্টিক পণ্য আর হালকা প্রকৌশল (লাইট ইঞ্জিনিয়ারিং) খাতের অপার সম্ভাবনাকে কাজে লাগিয়ে রপ্তানি বাণিজ্যে পণ্য দুটির ভূমিকা

### কপিরাইট বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

নিজস্ব বার্তা পরিবেশক



সাহিত্য ও সংস্কৃতি ক্যাটাগরিতে থাকলেও সফটওয়্যারের কপিরাইট নিবন্ধনে সোর্স কোর্ড জমা না রেখে কেবল ডেমো উপস্থাপনের মাধ্যমেই

### অটোমেশন শেখার সুযোগ

নিজস্ব বার্তা পরিবেশক



শিক্ষার্থীদের চতুর্থ শিল্প বিপ্লবের উপযোগী জব সেক্টরের জন্যে প্রস্তুত করে তোলার লক্ষ্যে ইউআইপাথ একাডেমিক আলাইন্স এর এডুকেশন পার্টনার...

স্বত্বাধিকার সংরক্ষিত

সম্পাদক - আলতামাশ কবির ।ভারপ্রাপ্ত সম্পাদক খন্দকার মুনীরুজ্জামান । ব্যবস্থাপনা সম্পাদক - কাশেম হুমায়ুন । সম্পাদক কর্তৃক দি সংবাদ লিমিটেড -এর পক্ষে ৮৭, বিজয়নগর, ঢাকা থেকে মুদ্রিত এবং প্রকাশিত। কার্যালয় : ৩৬, পুরানা পল্টন, ঢাকা-১০০০।ফোন : ৯৫৬৭৫৫৭, ৯৫৫৭৩৯১।কমার্শিয়াল ম্যানেজার : ৯৫৭৪৭২২ ফ্যাক্স : ৯৫৫৮৯০০

**সংবাদ ডেস্ক:** sangbaddesk@gmail.com

**সম্পাদকীয়:** sampadakio@gmail.com

**সংবাদ সাময়িকী :** sangbadsamoeky@gmail.com

**অর্থনীতি :** sangbadeconomic@gmail.com

**খেলা :** sangbadsports@gmail.com

**বিনোদন :** binodon.dailysangbad@gmail.com

Design & Developed By : Sangbad IT.